



[www.bb.org.bd](http://www.bb.org.bd)

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

পিএসডি সার্কুলার নং-০৪/২০১৩

তারিখ: ২৬ নভেম্বর, ২০১৩  
১২ অগ্রহায়ণ, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংকসমূহ

প্রিয় মহোদয়,

**Bangladesh Automated Clearing House (BACH) এর মাধ্যমে চেক নিষ্পত্তিকরনে  
“গ্রাহক সম্মতিপত্র” (Positive Pay Instruction) গ্রহণ ও কার্যকরকরণ প্রসঙ্গে।**

জাল চেক মুদ্রণ, স্বাক্ষর জালিয়াতি, চেকের মূল্যমান/গ্রাহকের নাম/MICR Line প্রভৃতি ঘষামাজা ও পরিবর্তনের মাধ্যমে যে কোনরূপ জালিয়াতির সম্ভাবনা রোধকল্পে:

১) সকল কর্পোরেট/প্রোপ্রাইটারশীপ প্রতিষ্ঠানের এক লক্ষ ও তদূর্ধ্ব মূল্যমানের এবং ব্যক্তি হিসাবের পাঁচ লক্ষ ও তদূর্ধ্ব মূল্যমানের চেক পরিশোধের ক্ষেত্রে “গ্রাহক সম্মতিপত্র” (Positive Pay Instruction) আবশ্যিকভাবে গ্রহণ এবং এ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

২) Paying Bank গ্রাহকের নিকট হতে “গ্রাহক সম্মতিপত্র” (Positive Pay Instruction) বিহীন চেক “Advice not Received” কারণ দেখিয়ে ফেরত (Return) প্রদান করতে পারবে।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হুমায়ুন কবীর)  
মহাব্যবস্থাপক  
ফোন নং-৯৫৩০১৭৪